02507 R-1951/10

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 508647

15.3.10
9.20 pm
Q-4969/10

Cer[illegible] document is admitted to regi[illegible] sheet/s and the [illegible] with this docum[illegible] document

Addl. Dist. Sub-Registrar
Alipore, South 24 Parganas

16 MAR 2010

আপোষ বিভাগ বন্টন নামা

বা

পার্টিশান দলিল

প্রথম পক্ষের প্রাপ্ত সম্পত্তির পরিমান ১১ কাঠা ০ ছটাক ৬ বর্গফুট

মূল্য ৬,৩৯,৮৩৩.০০ টাকা মাত্র,

পঞ্চানন সরদার, পিতা মৃত বিজয় কৃষ্ণ সরদার

জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং বৃজি, পোঃ গড়িয়া

থানা যাদবপুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা।

2067
15/03/2010

Purkayastha (Stamp Vendor)
Alipore Police Court, Kol-27

Malay Saha. Adv.
Alipore Police Court
Kol- 27
Rs. 5000/-

Santosh Sardar

V.C.T.
1721

Santosh Sardar

V.C.T.
1723

V.C.T.
1722

Niranjan sardar

V.C.T.
1724

Identified by me
Aloke Biswas.
Advocate
Alipore police court
Kolkata - 700027.

15 MAR 2010

দ্বিতীয় পক্ষের সম্পত্তির পরিমান ৫ কাঠা ৯ ছটাক ০´বর্গফুট –

মূল্য ৩,৪০,৩১১.০০ টাকা

শ্রী নিরঞ্জন সরদার , পিতা মৃত বিজয় কৃষ্ণ সরদার

জাতি হিন্দু, পেশা চাকুরী , সাং বৃন্তি , পোঃ গড়িয়া

থানা যাদবপুর , জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

~~~~~~~~~~ ০ ~~~~~~~~~~

তৃতীয় পক্ষের প্রাপ্ত সম্পত্তির পরিমান ৫ কাঠা ৯ ছটাক ০´বর্গফুট –

মূল্য ৩,৪০,৩১১ .০০ টাকা –

শ্রী সন্তোষ সরদার ,পিতা মৃত বিজয় কৃষ্ণ সরদার ,জাতি হিন্দু,

পেশা ব্যবসা , সাং বৃন্তি ,পোঃ গড়িয়া ,থানা যাদবপুর

জেলা দক্ষিণ ২৪ পরগণা । ~~~~~~~~~~ ০ ~~~~~~~~~~

চতুর্থ পক্ষের প্রাপ্ত সম্পত্তির পরিমান ৯ কাঠা ৩ ছটাক ৪´বর্গফুট

মূল্য – ৫,৩৯,৯৯৪.০০ টাকা ।

শ্রী রতিকান্ত সরদার ,পিতা মৃত বিজয় কৃষ্ণ সরদার

জাতি হিন্দু, পেশা ব্যবসা ,সাং বৃন্তি ,পোঃ গড়িয়া

থানা যাদবপুর , জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

~~~~~~~~~~ ০ ~~~~~~~~~~

কস্য শুভ আপোষ বিভাগ বন্টন নামা বা পার্টিশান দলিল পত্র মিদং –

কার্য্যঞ্চাগে ঃ–

১। জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা যাদবপুর , সাব রেজেষ্ট্রী অফিস আলিপুর, – তৌজি এলঃ নং ২৭, জমির পরিমান কমবেশী ১১ কাঠা ৭ ছটাক , খতিয়ান নং ২১৬ ,দাগ নং ১০৭৬ ,জমির পরিমান কমবেশী ৪ কাঠা, খতিয়ান নং ২১৬ , দাগ নং ১০৭৫, জমির – পরিমান কমবেশী ৬ কাঠা ১৩ ছটাক , খতিয়ান নং ৫, দাগ নং ১০৮৫ , বর্ত্তমান দি কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১১০ নং ওয়ার্ড ভুক্ত সম্পত্তি মৌজা বৃন্তি গ্রামে এবং

২। জেলা দক্ষিণ ২৪ পরগণা , থানা ও সাব রেজেষ্ট্রী অফিস সোনারপুর মৌজা গড়াগাছা , তৌজি এলঃ নং ৪৫ , তৌজি নং ৫৬ , খতিয়ান নং সি.এস .১৫ ,হাল – খতিয়ান নং ১৬, সি.এস .দাগ নং ৫৮ , আর.,এস , দাগ নং ৫৯, জমির পরিমান –

Niranjan Sardar
Santosh Sardar
Ratikanta Sardar

15 MAR 2010

পরিমান কমবেশী ১ কাঠা ১৩ ছটাক ২ বর্গফুট এবং ঐ মৌজার ঐ জেঃ এলঃ নং খতিয়ান নং ১৩, দাগ নং ১০১ জমির পরিমান কমবেশী ৭ কাঠা ৪ ছটাক ৮বর্গফুট জমি যাহা বর্তমান রাজপুর সোনারপুর পৌর সভার ১ নং ওয়ার্ড উক্ত সম্পত্তি হইতেছে, সায় কমন প্যাসেজাদিরযাবতীয় ব্যবহারিক ও চলাচলের ইজমেন্ট স্বত্বাদি সহ যৌথ সম্পত্তিঅত্র পার্টিশান দলিলের বিষয় উক্ত সম্পত্তি হইতেছে । যাহা নিম্ন ।ক। তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইয়াছে। উক্ত সম্পত্তি সহআরও অন্যান্য সম্পত্তি আমরা পক্ষগণ ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া অদ্যাবধি এজমালে ভোগদখল করিয়া আসিতেছি ।

এক্ষনে আমরা পক্ষগণআমাদের নিজ নিজ ভোগদখলের সুবিধার্থে এবং গৃহাদি নির্মান করিবার অসুবিধার জন্য আমরা আমাদের আত্মীয় স্বজনের ও গ্রাম্য বন্ধু বান্ধবগনের সুপরামর্শে অত্রআপোষ বন্টন নামা দলিলের সম্পত্তি অভিজ্ঞ সার্ভেয়ার দ্বারা জরিপ কার্য্য করাইয়া উহাতে ইংরাজীঅক্ষর প্লটবি।১,প্লট বি।২, প্লট বি।৩ এবং প্লট বি।৪ মার্কা প্লট চিহ্নিত করিয়া উক্ত চিহ্নিত ভূমি বুঝিয়া পাইয়া অত্র আপোষ বন্টন নামা দলিল সম্পাদন করিয়া রেজেষ্ট্রী করিয়া লইলাম।

অত্র আপোষ বিভাগ বন্টন নামা দলিলের প্রথম পক্ষ অত্র দলিলের সঙ্গীয় নক্সায় সবুজ রংয়ের সীমারেখা দ্বারা রঞ্জিত ও প্রদর্শিত বি।১ মার্কা প্লটে ।খ। তপশীলে বর্ণিত নীট ভূমি ১১ কাঠা ০ ছটাক ৬´ বর্গফুট জমি জমা প্রথম পক্ষ নির্ব্যূঢ় স্বত্ত্বে প্রাপ্ত হইলেন। ইহার আনুমানিক মূল্য ৬,৩৯,৮৩৩.০০ টাকা ।

অত্র আপোষ বিভাগ বন্টন নামা দলিলের দ্বিতীয়পক্ষঅত্র দলিলের সঙ্গীয় নক্সায় বেগুনী রংয়ের সীমারেখা দ্বারা রঞ্জিত ও প্রদর্শিত বি।২মার্কা প্লটে ।গ। তপশীলে বর্ণিত নীট ভূমি ৫ কাঠা ৯ ছটাক ০´ বর্গফুট জমি জমা দ্বিতীয়পক্ষ -

Alipore, South 24 Parganas
15 MAR 2010

দ্বিতীয় পক্ষ নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন । ইহার আনুমানিক মূল্য ৩,৪০,৩১১.০০ টাকা

অত্র আপোষ বিভাগ বন্টন নামা দলিলের তৃতীয় পক্ষঅত্র দলিলের নক্সীয় নক্সায় লাল বর্ণের সীমারেখা দ্বারা রঞ্জিত ও প্রদর্শিত বি।৩ মার্কা প্লটে ।ঘ। তপশীলে বর্ণিত নীট ভূমি ৫ কাঠা ৯ ছটাক ০´বর্গফুট জমি তথা তৃতীয় পক্ষ নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন । ইহার আনুমানিক মূল্য –৩,৪০,৩১১.০০ টাকা ।

অত্র আপোষ বিভাগবন্টন নামা দলিলের চতুর্থ পক্ষ অত্র দলিলের নক্সীয় নক্সায় হলুদ রংয়ের সীমারেখা দ্বারা রঞ্জিত ও প্রদর্শিত বি।৪ মার্কা প্লটে।ঙ। তপশীলে বর্ণিত নীট ভূমি ৯ কাঠা ৩ ছটাক ৪´বর্গফুট জমি চতুর্থ পক্ষ নির্ব্যূঢ় নস্বত্বে প্রাপ্ত হইলেন । ইহার আনুমানিক মূল্য – ৪৪ ৫,৩৯,৯৯৪.০০ টাকা মাত্র ।

প্রকাশ থাকে যে, অত্র দলিল নক্সীয়নক্সায় যে কমন প্যাসেজ দেখান হইয়াছে, তাহা অত্র দলিলের সকল পক্ষ মায় ওয়ারিশানগণগণ যে উক্ত কমন প্যাসেজের উপর দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোন লাইন আনায়ন করিতে পারিবেন এবং তলদেশ দিয়া ড্রেণও আণ্ডার ড্রেণ খননে মায় ট্যাপ ওয়াটার লাইন আনায়নের মায় সম্ভাব্য যানবাহনাদি লইয়া বহনযোগ্য মালামাল আনায়নের দ্বারা চলাচলের রাইট অফ ইজমেনট স্বত্বে অত্র দলিলের সকল পক্ষগণ মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ যে চিরতরে চন্দ্রার্ক যাবৎ ব্যবহার করিতে পারিবেন । তাহাতে কেহ কোন পক্ষ কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিবে না, বা উক্ত কমন প্যাসেজ কেহ কোন পক্ষ বাধা সৃষ্টি করিতে পারিবে না, বা কেহ করিলেও তাহা সর্বত্র অগ্রাহ্য হইবে ।

প্রকাশ থাকে যে, আপোষ বন্টন নামা দলিল নক্সীয় নক্সায় প্রাপ্ত স্ব স্ব অংশের নির্দিষ্ট তপশীলের ভূমি অদ্য হইতে যাবতীয় স্বত্বে স্বত্ববান হইয়া দখল কায়েম

Alipore, South 24 Parganas
15 MAR 2010

দখলীকার হইয়া মালিকান সরকারের নাবেক বহত নাম বাদ খারিজ দিয়া সু সু পক্ষ নিজ নিজ নাম পত্তন করতঃ উহাতে আইন সঙ্গত ভাবে কাটিয়া ভরিয়া বাস্তু বানাইয়া গৃহাদি নির্মানে ও বৃক্ষাদি রোপনে ও ছেদনে কূপ নলকূপ ড্রেণ, আদ্দার ড্রেণ খননে সায় যাবতীয় কার্য্য পরিচালনে পুত্র, পৌত্রাদি ভাবী ওয়ারিশানগণক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি দ্বারা সর্ব্বপ্রকার হস্তান্তর করন ক্ষমতায় ক্ষমতাবান হইয়া অত্র দলিলের প্রথম পক্ষ বি।১ নং মার্কা প্লটে কমবেশী ১১ কাঠা ০ ছটাক ৬ বর্গফুট পরিমিত জমি প্রাপ্ত হইয়া পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে অপর কোন পক্ষ সায় ওয়ারিশানগণকস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিবে না বা করিবে না বা করিলেও তাহা সর্ব্বস্থানে সর্ব্ব আদালতে নামঞ্জুর, অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

অত্র দলিলে দ্বিতীয়পক্ষ বি।২ মার্কা প্লটে কমবেশী ৫ কাঠা ৯ ছটাক ০´বর্গফুট জমি জমা প্রাপ্ত হইয়া পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে অপর কোন পক্ষ সায় ওয়ারিশানগণ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তিদাবী দাওয়া করিতে পারিবে না বা করিবে না, বা করিলেও তাহা সর্ব্বস্থানে সর্ব্বআদালতে নামঞ্জুর, অগ্রাহ্য ও বাতিল বলিয়া গণ্য হইবে।

অত্র দলিলের তৃতীয়পক্ষ বি।৩ নং মার্কা প্লটে কমবেশী ৫ কাঠা ৯ ছটাক ০´ বর্গফুট জমি জমা প্রাপ্ত হইয়া পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে অপর কোন পক্ষ সায় ওয়ারিশানগণ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্ত দাবী দাওয়া করিতে পারিবে না বা পারিবেক না বা করিলেও তাহা সর্ব্বস্থানে সর্ব্ব আদালতে নামঞ্জুর, অগ্রাহ্য ও বাতিলবলিয়া গণ্য হইবে।

অত্র দলিলের চতুর্থ পক্ষ বি।৪ নং মার্কা প্লটে কমবেশী ৯ কাঠা ৩ ছটাক ৪´বর্গফুট জমি জমা প্রাপ্ত হইয়া পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে অপর

15 MAR 2010

Niranjan Sarkar

Santosh Sarkar

কোন পক্ষ বা তাঁহার ওয়ারিশানগণ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিবে না বা করিবে না, বা করিলেও তাহা সর্বস্থানে সর্ব আদালতে নামঞ্জুর, অগ্রাহ্য ও বাতিল বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, অত্র আপোষ বন্টন নামা দলিলের পক্ষগণ উক্ত বন্টন নামা দলিলের সম্পত্তি ইতিপূর্বে অন্য কোন স্থানে কোন প্রকার দান, বিক্রয়, বন্ধকাদি দ্বারা হস্তান্তর করি নাই, বা কোন স্থানে কোন দেবসেবায় অর্পন করি নাই বা কোন দেনার দায়ে আবদ্ধ নহে বা কোন ব্যাঙ্কে মর্টগেজ দেই নাই, বা কোন ভাগচাষী নাই, বা কোন প্রকার সরকার বাহাদুর কর্তৃক কোন প্রকার এ্যাকুইজিশান হয় নাই, বা অদ্যাবধি কোন প্রকার নোটিশ প্রাপ্ত হই নাই বা কোন মামলা মোকর্দমার বিষয় ভুক্ত সম্পত্তি নহে। সম্পূর্ণ নির্দায়, নির্দোষ অবস্থায় আমাদের খাসদখলে বিদ্যমান থাকাবস্থায় আমরা স্ব স্ব পক্ষ অত্র আপোষ বন্টন নামা দলিল সম্পাদন করিয়া স্ব স্ব পক্ষের স্ব স্ব প্লটে চিহ্নিত ভূমি বুঝিয়া পাইয়া অত্র বন্টন নামা দলিল রেজেষ্ট্রী করিয়া লইলাম।

প্রকাশ থাকে যে, অত্র দলিলের পক্ষগণ অত্র পার্টিশান দলিল মূলে প্রাপ্ত পৃথক চিহ্নিত সম্পত্তি অপর কোন পক্ষের মৌখিক বা লিখিত সম্মতি ছাড়াই তৃতীয় কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা সংস্থাকে বিক্রয় করিতে পারিবেন।

প্রকাশ থাকে যে, অত্র দলিলের দ্বিতীয় ও তৃতীয় পক্ষ উভয়ে ইতিপূর্বে মৌখিক বিভাগ বন্টন মূলে পড়াগাছা মৌজার ৯৫ নং দাগের ১/২ অংশের জমি মোট ১০ শতক প্রাপ্ত হয়েন। যাহা অত্র দলিলের উল্লেখ নাই। উক্ত কারণে তৎপরিবর্তে প্রথম পক্ষ পাড়াগাছা মৌজায় ১০১ নং দাগের জমি প্রাপ্ত হয়েন। তজ্জন্য অত্র দলিলের প্রথম পক্ষ দ্বিতীয় ও তৃতীয় পক্ষের থেকে বেশী জমি প্রাপ্ত হইলেন। তজ্জন্য দ্বিতীয়, তৃতীয় পক্ষ প্রথম পক্ষ বা উহার ওয়ারেশানগণ ভবিষ্যতে কোনরূপ অতিরিক্ত জমি বা অর্থ দাবী দাওয়া করিতে পারিবে না বা করিলেও

Santosh Sarkar

District Sub-Registrar

24 Pargana

15 MAR 2010

তাহা আইনতঃ বাতিল বলিয়া গণ্য হইবে । স্ব স্ব পন তাহাদের অংশ মোতাবেক প্রাপ্ত - সম্পত্তি বুঝিয়া পাইয়া অত্র আপোষ বন্টন নামা দলিল সম্পাদন করিয়া রেজেষ্ট্রী করিয়া - লইবেন । অত্র আপোষ বন্টন নামা দলিল খানি পঞ্চানন সরদারের নিকট থাকিবে, - প্রয়োজন বোধে অপর যে কোন পক্ষকে দেখাইতে বা দর্শাইতে বাধ্য থাকিলেন ।

প্রকাশ থাকে যে , যমুনা সরদার ও গদা নস্কর আমরা উভয়ে অত্র সকল পক্ষগণের ভগিনী হইতেছি । আমরা অন্যত্র পৈতৃক ও য়ারিশান সূত্রে সম্পত্তি প্রাপ্ত হইয়াছি । অত্র আপোষ বন্টন নামা দলিলের বিষয় ভুক্ত সম্পত্তিতে আমাদের কোন দাবী দাওয়া বা অধিকার - রহিল না বা থাকিল না । ইহাতে সম্মত হইয়া আমরা উভয়ে অত্র দলিলের ইসাদী - কলমে নিজ নিজনাম সহি সম্পাদন করিলাম ।

এতদার্থে সুস্থ শরীরে স্থির বুদ্ধিতে থাকিয়া অত্র আপোষ বন্টন নামা দলিল পাঠ - করিয়া ও করাইয়া শুনিয়া বুঝিয়া অবগত হইয়া ভালমন্দ বিবেচনা করিয়া আপন হিতার্থে ও আপন খুশীতে সাক্ষীগণের সাক্ষাতে অত্র আপোষ বন্টন নামা দলিল সম্পাদন করিয়া - দিলাম । ইতি তারিখ ইংরাজী সন ২০১০ সালের ১৫ ই মার্চ।
মোতাবেক বাংলা সন ১৪১৬ সালের ৩০ শে ফাল্গুন।

।ক। তপশীল বর্ণিত যৌথ সম্পত্তির পরিচয় -

১। জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা যাদবপুর , সাব রেজেষ্ট্রী অফিস আলিপুর - মৌজা বৃত্তি, জেঃ এলঃ নং ২৭ , জমির পরিমান কমবেশী ১১ কাঠা ৭ ছটাক - খতিয়ান নং ২১৬ , দাগ নং ১০৭৬ জমির পরিমান কমবেশী ৪ কাঠা, খতিয়ান নং ২১৬ , দাগ নং ১০৭৫ জমির পরিমান ৬ কাঠা ১৩ ছটাক ,খতিয়ান নং ৫

Nirmyum Sardar
Sandip Sardar
Kartik Sardar

District Sub-Registrar

South 24 Parganas

15 MAR 2010

দাগ নং ১০৮৫, বর্তমান দি কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১১০ নং ওয়ার্ড ভুক্ত সম্পত্তি এবং

২। জেলা দক্ষিণ ২৪পরগণা, থানা ও সাব রেজেষ্ট্রী অফিস সোনারপুর, মৌজা গড়াগাছা, জেঃ এলঃ নং ৪৫, তৌজি নং ৫৬ খতিয়ান নং আর,এস ১৫, হাল খতিয়াননং ১৬, সি,এস,দাগ নং ৫৮, আর,এস দাগ নং ৫৯ জমির পরিমান ১ কাঠা ১৩ ছটাক ১ বর্গফুট এবং ঐ মৌজায় ঐ জেঃ এলঃ নং খতিয়ান নং ১৩, দাগ নং ১০১,জমির পরিমান ৭কাঠা ৪ ছটাক ৮ বর্গফুট যাহা বর্তমানে রাজপুর সোনারপুর পৌর সভার ১ নং ওয়ার্ড ভুক্ত সম্পত্তি হইতেছে।

।খ। তপশীল বর্নিত সম্পত্তির পরিচয় ঃ-
যাহা প্রথম পক্ষ নির্বুঢ় সত্ত্বে প্রাপ্ত হইলেন।

১। জেলা দক্ষিণ ২৪পরগণা, থানা যাদবপুর, সাবরেজেষ্ট্রী অফিস আলিপুর মৌজা বৃত্তি গ্রামে জেঃ এলঃ নং ২৭, খতিয়ান নং ২১৬, দাগ নং আর,এস ১০৭৬ এক হাজার ছিয়াত্তর নং দাগে ২ কাঠা ৫ ছটাক ০ বর্গফুট, আর,এস ৫, আর,এস ১০৮৫এক হাজার পঁচাশী নং দাগে ৩ কাঠা ৪ ছটাক ০বর্গফুট জমি যাহা বর্তমানে কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১১০ নং ওয়ার্ডের অন্তর্গত সম্পত্তি হইতেছে।

২। জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও সাবরেজেষ্ট্রী অফিস সোনারপুর, মৌজা গড়াগাছা গ্রামে জেঃ এলঃ নং ৪৫, হাল খতিয়ান নং ১৬, আর,এস ৫৯ উনষাট নং দাগে ১ কাঠা ১৩ ছটাক ২ বর্গফুট জমি ও ঐ মৌজায় ঐ জেলা আর,এস ১৩ নং খতিয়ান ১০১ একশত এক নং দাগে ৩ কাঠা ১০ ছটাক ৪ বর্গফুট জমি যাহা - বর্তমানে রাজপুর সোনারপুর পৌর সভার ১ নং ওয়ার্ড ভুক্ত সম্পত্তি হইতেছে।

15 MAR 2010

এক্ষনে উক্ত দুইটী মৌজার ১১ এগার কাঠা ০ শূন্য ছটাক ৬ ছয় বর্গফুট পরিমিত জমি যাহা অত্র দলিল সহীয় নক্সায় সবুজ বর্ণের সীমারেখা দ্বারা রঞ্জিত ও বি।১ নং প্লট রূপে চিহ্নিত তৎসমুদয় প্রথম পক্ষ নির্বুঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন। ইহার আনুমানিক মূল্য ৬,৩৯,৮৩৩.০০ টাকা ছ য়লক্ষ ঊনচল্লিশ হাজার আট শত তেত্রিশ টাকা।

।খ। তপসীল বর্ণিত সম্পত্তির পরিচয় ঃ-
যাহা দ্বিতীয় পক্ষ নির্বুঢ় স্বত্বে প্রাপ্ত হইলেনঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা যাদবপুর, সাবরেজেষ্ট্রী অফিস আলিপুর, মৌজা বৃজি গ্রামে জেঃ এলঃ নং ২৭, খতিয়ান নং ২১৬, দাগ নং আর,এস ১০৭৬ এক হাজার ছিয়াত্তর নং দাগে ২ কাঠা ০ ছটাক ০ বর্গফুট জমি ও আর,এস ১০৮৫ এক হাজার পচাশী নং দাগে ৩ কাঠা ৯ছটাক ০' বর্গফুট একুনে দুইটী দাগে কমবেশী ৫ পাঁচ কাঠা ৯ নয় ছটাক ০' বর্গফুট জমি যাহা বর্তমানে কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১০ নং ওয়ার্ডের অন্তর্গত যাহা অত্র দলিলের সহীয় নক্সায় বেগুনী বর্ণের সীমারেখা দ্বারা রঞ্জিত ও বি।২নং মার্কা প্লট চিহ্নিত তৎসমুদয় অত্র দলিলের দ্বিতীয় পক্ষ নির্বুঢ় স্বত্বেপ্রাপ্ত হইলেন। ইহার আনুমানিক মূল্য ৩,৪০,৩১১.০০ টাকা তিন লক্ষ চল্লিশ হাজার তিন শত এগার টাকা মাত্র।

।ঘ। তপসীল বর্ণিত সম্পত্তির পরিচয় ঃ-
যাহা তৃতীয় পক্ষ নির্বুঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন।

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা যাদবপুর, সাবরেজেষ্ট্রী অফিস আলিপুর, মৌজা বৃজি গ্রামে জেঃ এলঃ নং ২৭, খতিয়ান নং ২১৬, দাগ নং আর,এস ১০৭৫ একহাজার পচাত্তর নং দাগে ৩ কাঠা ৭ছটাক ০ বর্গফুট ও আর,এস দাগ নং ১০৭৬ এক হাজার ছিয়াত্তর নং দাগে ২ কাঠা ২ ছটক ০' বর্গফুট জমি, একুনে

15 MAR 2010

একুনে দুইটী দাগে কমবেশী ৫ পাঁচ কাঠা ৯ নয় ছটাক ০ বর্গফুট পরিমিত জমি যাহা বর্তমানেদি কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১০ নং ওয়ার্ডের অন্তর্গত যাহা অত্র দলিল সহীয় নক্সায় লাল বর্ণের সীমারেখা দ্বারা রঞ্জিত ও প্লট বি।৩নং মার্কা প্লটে চিহ্নিত ও প্রদর্শিত তফসিলাদি তৃতীয়পক্ষ নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন । ইহার আনুমানিক মূল্য ৩,৪০,৩১১.০০ টাকা তিন লক্ষ চল্লিশ হাজার তিন শত এগার টাকা মাত্র ।

।ঙ। তপশীল বর্নিত সম্পত্তির পরিচয় ঃ-
যাহা চতুর্থ পক্ষ নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইলেন ।

১। জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা যাদবপুর, সাবরেজেষ্ট্রী অফিস আলিপুর মৌজা বৃত্তি গ্রামে জেঃ এলঃ নং ২৭, খতিয়ান নং ২৯৬, দাগ নং আর,এস ১০৭৫ এক হাজার পঁচাত্তর নং দাগে ০ কাঠা ৯ ছটাক ০ বর্গফুট জমি আর,এস ১০৭৬ এক হাজার ছিয়াত্তর নং দাগে ৫ কাঠা ৫ ছটাক ০ বর্গফুট জমি যাহা বর্তমানে কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১০ নং ওয়ার্ডের অন্তর্গত সম্পত্তি হইতেছে ।

২। জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও সাব রেজেষ্ট্রী অফিস সোনারপুর মৌজা গড়াগাছা গ্রামে জেঃ এলঃ নং ৪৫, খতিয়ান নং ১৩, আর,এস,দাগ নং ১০১এক শত এক নং দাগে ৩ কাঠা ১০ ছটাক ৪ বর্গফুট জমি যাহা বর্তমানে রাজপুর সোনারপুর পৌর সভার ১ নং ওয়ার্ড ভুক্ত সম্পত্তি হইতেছে ।

পৃঃ নং ১১ ।

15 MAR 2010

শ্রী নিরঞ্জন সরদার
Niranjan Sardar

Santosh Sardar
Kartik Sardar

একুনে উক্ত দুইটী মৌজায় তিনটী দাগে মোট ৯ নয় কাঠা ৩ তিন ছটাক ৪ চার বর্গফুট পরিমিত জমি জমা যাহা এই দলিলের নক্সীয় নক্সায় হলুদ বর্ণের সীমারেখা দ্বারা বেষ্টিত ও বি/৪ নং প্লট রূপে চিহ্নিত ভূম্যাদি এই দলিলের চতুর্থ পক্ষ নির্ব্যূঢ় স্বত্ব প্রাপ্ত হইলেন। ইহার আনুমানিক মূল্য ৫,৩৯,৯৯৪.০০ টাকা পাঁচ লক্ষ ঊনচল্লিশ হাজার নয়শত চুরানব্বই টাকা মাত্র।

মুসাবিদা কারক ঃ-

Malay Saha
Advocate
Alipore Court, Kol-27.

ইসাদী

শ্রী বাবু গায়েন
গড়িয়া স্টেশন রোড (কালিতলা)
পোঃ গড়িয়া, কলকাতা-৮৪

শ্রী সুরথ সরদার
বি-৭ কালেজ স্ট্রীট এভিনিউ
গড়িয়া কোল ৮৪

টাইপ কারক

অনাদিনাথ ... ,
আলিপুর পুলিশ কোর্ট
কোলকাতা ৭০০০২৭।

13

Alipore, South 24 Parganas
15 MAR 2010



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..................................

Signature [illegible]



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..................................

Signature Niranjan Sardar



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..................................

Signature Sambhunath Sardar



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..................................

Signature Rautul Kanta Sarkar

ON PLAN
J.L. No-27,
BACHU

15 MAR 2010

ON PLAN OF PART OF R.S. DAG No-1085, 1075 & 1076 AT MOUZA
J.L. No-27, P.S.-JADAVPUR AND R.S. DAG No-59, 101 AT MOUZA
ACHHA, J.L. No-45, P.S.-SONARPUR, DIST.-24-PGS. (SOUTH)


SCALE:-1"=

PANCHANAN SARDER
S. DAG-1076 = 2K-5CH-0SFT.
S. DAG-1085 = 3K-4CH-0SFT
= R.S. DAG-59 = 1K-13CH-2SFT.
R.S. DAG-101 = 3K-10CH-4SFT
TOTAL = 11K-0CH-6SFT.

PLOT-B2 = NIRANJAN SARDER.
BRIJI- R.S. DAG-1076 = 2K-0CH-0 SFT
R.S. DAG-1085 = 3K-9CH-0SFT
TOTAL = 5K-9CH-0 SFT.

PLOT-B3 = SANTOSH SARDER.
BRIJI = R.S. DAG 1075 = 3K-7CH-0 SFT.
R.S. DAG-1076 = 2K-2CH-0 SFT
TOTAL = 5K-9CH-0 SFT.

PLOT-B4 = RATIKANTA SARDER.
BRIJI = R.S. DAG-1075 = 0K-9CH-0SFT.
R.S. DAG-1076 = 5K-0CH-0SFT.
GARAGACHHA: R.S. DAG-101 = 3K-10CH-4SFT
TOTAL = 9K-3CH-4SFT.




Addl. Dist. Sub-Registrar
Alipore, South 24 Parganas

BY-

Sarathi Mandal
12/3/10

Niranjan Sardar
Santosh Sardar
Rati Kanta Sardar
SIG. OF OWNER'S

15 MAR 2010

Government Of West Bengal
Office Of the A. D. S. R. ALIPORE
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 01951 of 2010
(Serial No. 02507 of 2010)

**On 15/03/2010**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 21.20 hrs on :15/03/2010, at the Private residence by Santosh Sardar , one of the Executants.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 15/03/2010 by

1. Panchanan Sardar, son of Lt Bijoy Krishna Sardar , Briji, kolkata, Thana:-Jadavpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Garia By Caste Hindu, By Profession: Business
2. Niranjan Sardar, son of Lt Bijoy Krishna Sardar , Briji, kolkata, Thana:-Jadavpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Garia By Caste Hindu, By Profession: Service
3. Santosh Sardar, son of Lt Bijoy Krishna Sardar , Briji, kolkata, Thana:-Jadavpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Garia By Caste Hindu, By Profession: Business
4. Ratikanta Sardar, son of Lt Bijoy Krishna Sardar , Briji, kolkata, Thana:-Jadavpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Garia By Caste Hindu, By Profession: Business

Identified By Aloke Biswas, son of . , A P Court, kolkata, Thana:-Alipore, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-. Pin :-700027 , By Caste: Hindu, By Profession: Advocate

( Utpal Kumar Basu )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

**On 16/03/2010**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number : 23,45,5 of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 133419/- ,E = 14/- ,M(b) = 4/- on 16/03/2010

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed for Partitio Amount has been assessed at Rs.- 9268845/-, for Conveyance Amount has been assessed at Rs 2861407/- for the chargeability of the stamp duty and registration fees.

Certified that the required stamp duty of this document is Rs.- 246662 /- and the Stamp duty paid a: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

( Utpal Kumar Basu
ADDITIONAL DISTRICT SUB-REGISTRA



16/03/2010 04:13:00 P

অতিরিক্ত জেলা অবর - নিবন্ধকের মোহর
Seal of the Additional District Sub-Registrar
Alipore South 24 Parganas
আলিপুর, দঃ ২৪ পরগণা

## Government Of West Bengal

Office Of the A. D. S. R. ALIPORE
District:-South 24-Parganas

### Endorsement For Deed Number : I - 01951 of 2010
(Serial No. 02507 of 2010)

Deficit stamp duty

1. Rs. 45670/- is paid, by the draft number 220571, Draft Date 16/03/2010, Bank Name State Bank Of India, Alipore Court Treasury Branch, received on 16/03/2010
2. Rs. 49000/- is paid, by the draft number 220572, Draft Date 16/03/2010, Bank Name State Bank Of India, Alipore Court Treasury Branch, received on 16/03/2010
3. Rs. 49000/- is paid, by the draft number 220573, Draft Date 16/03/2010, Bank Name State Bank Of India, Alipore Court Treasury Branch, received on 16/03/2010
4. Rs. 49000/- is paid, by the draft number 220574, Draft Date 16/03/2010, Bank Name State Bank Of India, Alipore Court Treasury Branch, received on 16/03/2010
5. Rs. 49000/- is paid, by the draft number 220575, Draft Date 16/03/2010, Bank Name State Bank Of India, Alipore Court Treasury Branch, received on 16/03/2010

( Utpal Kumar Basu )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

( Utpal Kumar Basu )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR



16/03/2010 04:13:00 P

Additional District Sub-Registrar

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 9
Page from 1892 to 1908
being No 01951 for the year 2010.

Seal of the Additional District Sub-Registrar Alipore, South 24 Parganas

(Utpal Kumar Basu) 16-March-2010
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. ALIPORE
West Bengal